দৈনিক বাংলা

২/১০/৮১

২৭৬

C41

প্রেসনোট

# প্রাথমিক শিক্ষকরা সরকারী কর্মচারীই থাকবেন

সরকার গতকাল এক প্রেসনোটে দ্ব্যর্থহীন ভাষায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারী কর্মচারী থাকবেন। তাদের চাকরি বেসরকারী করার কোন ইচ্ছাই সরকারের নেই।

প্রেসনোটে বলা হয়, গত ৩০শে সেপ্টেম্বর প্রাথমিক শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি ও সম্পাদকের নামে সংবাদপত্রে প্রকাশিত একটি বিবৃতির প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। বিবৃতিতে দাবী করা হয়েছে যে উক্ত সমিতির সাথে সরকারের সম্পাদিত চুক্তি বাস্তবায়িত হয়নি

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

প্রেসনোট

(১ম পৃঃ পর)

এবং প্রাথমিক শিক্ষকদের চাকরি পুনরায় বেসরকারী করার উদ্দেশ্যে সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদকে গ্রেফতার করা হয়েছে।

এ প্রসঙ্গে উল্লেখ করা যায় যে প্রাথমিক শিক্ষক সমিতির সাথে ৬ই মার্চের চুক্তি অনুযায়ী প্রাথমিক শিক্ষকগণের সরকারী চাকরি বহাল রেখে প্রাথমিক শিক্ষা আইন, ১৯৮১ জাতীয় সংসদ কর্তৃক পাস হয়েছে এবং এ আইন বাস্তবায়ন করার বিভিন্ন প্রারম্ভিক আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হচ্ছে। এ ছাড়াও প্রাথমিক শিক্ষকদের সরকারীকরণের পূর্বকালীন চাকরিকালের অর্ধেক সরকারী চাকরি হিসেবে গণ্য করে তাঁদের পেনশন ও গ্রাচুইটি প্রদান সংক্রান্ত নির্দেশও ইতিমধ্যে জারি করা হয়েছে।

সরকার স্পষ্টভাবে জানিয়ে দিতে চান যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারী কর্মচারী থাকবেন এবং তাঁদের চাকরি বেসরকারী করার কোন ইচ্ছাই সরকারের নেই।